

সারাদেশ

খিরাই নদে ডুবল ৪৫ হাজার ইট, উদ্ধারে শুরু ডুবুরিদের অভিযান

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



কুমিল্লার দাউদকান্দি উপজেলার খামারপাড়া এলাকার খিরাই নদে ডুবে যাওয়া ইটবোঝাই বাল্কহেড উদ্ধারে কাজ শুরু হয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে ১০ জন ডুবুরি ও একদল শ্রমিক উদ্ধার অভিযানে অংশ নেন।

নদের তলদেশ থেকে বাল্কহেড ও ৪৫ হাজার ইট উদ্ধারে ডুবুরিরা কাজ করছেন। দুর্ঘটনাস্থলে পানির গভীরতা ১৫ থেকে ২০ হাত।

ডুবুরি দেলোয়ার হোসেন বলেন, প্রথমে বাল্কহেড থেকে ইট তোলা হবে। এরপর ভেঙে পড়া বেইলি সেতু সরিয়ে শতাধিক প্লাস্টিকের ড্রামের সাহায্যে বাল্কহেডটি উদ্ধার করা হবে। পুরো কাজ শেষ করতে অন্তত পাঁচ দিন লাগতে পারে।

গত শনিবার সন্ধ্যায় খিরাই নদের ওপর নির্মিত বেইলি সেতু ভেঙে ইটবোঝাই বাল্কহেডের ওপর পড়ে। এতে বাল্কহেডে থাকা চালক, সুকানিসহ ১৭ শ্রমিক সাঁতরে তীরে উঠে প্রাণে রক্ষা পান।

বান্ধেডের একজন মালিক দুলু মোল্লা বলেন, ইট, যন্ত্রপাতি উদ্ধার এবং বান্ধেড মেরামতে অন্তত পাঁচ লাখ টাকা ব্যয় হবে। এ ক্ষতিপূরণ এলজিইডির কাছে দাবি করা হয়েছে।

সেতু ধসের পর দাউদকান্দির পাশাপাশি চাঁদপুরের মতলব দক্ষিণ, কচুয়া, হাজীগঞ্জ, ফরিদগঞ্জ ও সদর উপজেলার কয়েকটি এলাকার সড়ক যোগাযোগ ব্যাহত হয়েছে। এতে স্থানীয় বাসিন্দাদের দুর্ভোগ বেড়েছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পালনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিজ্ঞতা রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/khirai-nde-dubl-45-hajar-it-uddhare-shuru-duburider-obhijan>